

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৯৮-আইন/২০২৫/২০/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, পাওয়ার টিলার, পাওয়ার থ্রেসার (মাড়াই যন্ত্র), পাওয়ার রিপার (ধান, গম কর্তনে ব্যবহার্য), পাওয়ার সিডার (ধানের বীজ বা চারা রোপনে ব্যবহার্য) নামক কৃষি যন্ত্রপাতি স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে উক্ত উৎপাদন কার্যে ব্যবহার্য ও নিম্নবর্ণিত TABLE-এ উল্লিখিত যন্ত্রাংশ বা উপকরণের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ১ (এক) শতাংশের অতিরিক্ত সেই পরিমাণ এবং সমুদয় রেগুলেটরি ডিউটি, সম্পূরক শুল্ক, যদি থাকে, ও মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
40.09	4009.12.00	Tubes, pipes and hoses with fittings
	4009.42.00	Tubes, pipes and hoses with fitting
40.10	4010.32.00	Endless transmission belts
	4010.39.90	Rubber Track for combine harvester
40.11	4011.70.10	Tire used on agricultural Machinery
40.13	4013.90.10	Tube used on agricultural Machinery
72.09	7209.16.90	M.S Sheet (1mm-3mm)
73.01	7301.10.00	Perforated sheet
73.15	7315.11.90	Roller Chain used on Agricultural Machinery
73.18	7318.15.90	Screw and bolts
	7318.16.00	Nuts
	7318.21.00	Spring washers and lock washers
73.20	7320.20.00	Helical springs
83.11	8311.90.00	Coated Electrodes of base metal
84.08	8408.90.90	Diesel engine for use in agriculture
84.09	8409.99.10	Spare parts of diesel engine for use in agriculture
84.14	8414.90.90	Blower for grain dryer
84.32	8432.90.00	Spindle
84.33	8433.11.00	Cutting device
	8433.51.00	Combine Harvester-Threshers
	8433.52.00	Threshing machinery for agricultural produce
84.82	8482.10.00	Ball Bearings Used on Agricultural Machinery
84.83	8483.10.00	Hydrostatic Transmission for combine harvester
	8483.40.00	Gear and gearing
	8483.50.00	Elywheels and pulleys
	8483.90.00	Chain sprocket

84.84	8484.10.00	Gasket
84.87	8487.90.00	Machinery parts
87.08	8708.30.00	Brakes & servo brakes and parts thereof
	8708.40.00	Gear Boxes and parts thereof
	8708.70.00	Wheel Parts (Rim) used on agricultural Machinery
	8708.93.00	Clutches & parts of agricultural machine
	8708.94.00	Steering
90.26	9026.80.00	Temperature gauge
90.31	9031.80.00	Moisture meter.

শর্তাবলি:

- (১) সংশ্লিষ্ট আমদানিকারককে Industrial IRC holder VAT compliant উৎপাদনকারী শিল্প (Manufacturing industry) হইতে হইবে;

ব্যাখ্যা:

- (অ) Industrial IRC holder অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;
- (আ) VAT compliant অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;
- (২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মুসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মুসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:
- তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।
- (৩) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে উৎপাদক/প্রগ্রেসিভ উৎপাদক (Progressive Manufacturer) হিসাবে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এ নিবন্ধিত হইতে হইবে;
- (৪) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কৃষি যন্ত্রপাতি উৎপাদন বা সংযোজন বা আমদানি বা বিপণন বা উক্তরূপ একাধিক কাজে প্রাতিষ্ঠানিক জ্ঞান, দক্ষতা, অভিজ্ঞতা ও এতদ্বিষয়ে প্রাতিষ্ঠানিক সুযোগ-সুবিধা রহিয়াছে এবং তিনি এই প্রজ্ঞাপনের অধীনে রেয়াতি সুবিধার আওতায় কৃষি যন্ত্রপাতি প্রস্তুতে সক্ষম এই মর্মে

প্রাসঙ্গিক সকল তথ্য ও প্রামাণিক দলিলসহ সচিব, কৃষি মন্ত্রণালয় এর নিকট আবেদন করিতে হইবে এবং আবেদনে তিনি কোন্ কোন্ যন্ত্রপাতি কী পরিমাণে উৎপাদন করিবেন এবং উক্ত উৎপাদনে এই প্রজ্ঞাপনের টেবিলে বর্ণিত যন্ত্রাংশগুলোর মধ্যে কোনটি কী পরিমাণে প্রয়োজন হইবে সেইসব বিষয় উল্লেখ করিতে হইবে এবং আবেদনের অনুলিপি সংশ্লিষ্ট আমদানি কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনের কমিশনার ও স্থানীয় মূল্য সংযোজন কর কমিশনার এর নিকট প্রেরণ করিতে হইবে;

- (৫) আবেদন প্রাপ্তির পর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সচিব, কৃষি মন্ত্রণালয় তাহার অধীনস্থ যথোপযুক্ত কর্মকর্তা/কর্তৃপক্ষ কর্তৃক আবেদনে উল্লিখিত তথ্য ও প্রাতিষ্ঠানিক/ভৌত সুযোগ সুবিধার যথার্থতা যাচাই করাইবেন এবং যাচাইপূর্বক আবেদনে বর্ণিত তথ্য প্রমাণাদি সঠিক পাওয়া গেলে এবং সার্বিক বিচারে আবেদনকারীকে এই প্রজ্ঞাপনের আওতায় কৃষি যন্ত্রপাতি উৎপাদনের যোগ্য বলিয়া প্রতীয়মান হইলে অতঃপর সচিব তাহার বিবেচনায় প্রজ্ঞাপনের রেয়াতি সুবিধার যথাযথ ব্যবহার হয় এমন শর্ত আরোপ করিয়া তাহাকে এই প্রজ্ঞাপনের রেয়াতি সুবিধায় প্রজ্ঞাপনে উল্লিখিত যন্ত্রাংশ আমদানির অনুমতি প্রদান করিবেন। উক্ত অনুমোদনের অনুলিপি সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনের কমিশনার ও স্থানীয় মূল্য সংযোজন কর কমিশনার এর নিকট প্রেরণ করিবেন;
- (৬) সচিব, কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানির পর উক্ত পণ্যের শুল্কায়ন যুগ্ম-কমিশনার অব কাস্টমস এর নিম্নে নহেন এমন কর্মকর্তার পর্যায়ে সম্পন্ন করিতে হইবে। শুল্কায়নকালে বর্তমান পণ্যচালানের ঘোষণার যথার্থতা যাচাই ছাড়াও পূর্বে খালাসকৃত চালানের পরিমাণের ভিত্তিতে বর্তমান পণ্যের আমদানির পরিমাণ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধান অনুযায়ী উপকরণ-উৎপাদ সহগ ঘোষণার আলোকে যাচাই করিবেন;
- (৭) রেয়াতি হারে আমদানিকৃত যন্ত্রাংশ সংশ্লিষ্ট উৎপাদনকারীর কারখানায় পৌছাইবার পর তাহা যথাযথভাবে সুরক্ষিত স্থানে এমনভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে স্থানীয় মূল্য সংযোজন কর কমিশনারের টের কমিশনার বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যেকোন সময় উক্ত যন্ত্রাংশের আমদানি, মজুদ, ব্যবহার এবং স্থিতি যাচাই করিতে পারেন;
- (৮) সচিব, কৃষি মন্ত্রণালয় প্রতি ৬ (ছয়) মাস পর পর যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আমদানি, উৎপাদন, বিপণন, ইত্যাদি সরেজমিনে যাচাই করাইবেন এবং প্রাপ্ত পরিস্থিতি সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিবেন;
- (৯) উপরি-উল্লিখিত দফা (৬) ও (৭) তে বর্ণিত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আমদানিকৃত যন্ত্রাংশের ব্যবহার, উৎপাদন, এই প্রজ্ঞাপনের শর্তসমূহের পরিপালন বিষয়ে বিরূপ মতামত প্রদান করিলে সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে শুনানির জন্য ডাকিবেন এবং প্রয়োজনে পুনঃতদন্ত করাইবেন। তদন্ত বা সার্বিক বিবেচনায় প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিরূপ মতামত প্রতিষ্ঠিত হইলে তাহার রেয়াতি হারে আমদানির সুযোগ

বন্ধ করিবেন এবং অপব্যবহৃত যন্ত্রাংশ ও উপকরণের উপর গৃহীত শুল্ক-কর রেয়াত আদায়ের কার্যক্রম গ্রহণ করিবেন;

- (১০) কোন আমদানিকারক-উৎপাদক এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে আইনানুগ অন্যান্য ব্যবস্থার পাশাপাশি কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১ এর উপ-ধারা (১) এর টেবিল এর ক্রমিক ৮ এর বিধান অনুযায়ী ব্যবস্থা নেওয়া হইবে।

২। ৩ জুন, ২০২০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১২৯-আইন/২০২০/৮০/ কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ খ্রিস্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব